

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১২১

১/ ঈমান

পরিচ্ছেদঃ তকদীরের প্রতি ঈমান

আরবী

عَن أَنسِ بْنِ مَالِكِ وَرَفَعَ الْحَدِيثَ أَنَّهُ قَالَ إِنَّ اللهَ عَنَّ وَجَلَّ قَدْ وَكَّلَ بِالرَّحِمِ مَلَكًا فَيَقُولُ أَىْ رَبِّ مُطْفَةٌ أَىْ رَبِّ عَلَقَةٌ أَىْ رَبِّ مُضْفَةٌ فَإِذَا أَرَادَ اللهُ أَنْ يَقْضِىَ خَلْقًا قَالَ قَالَ الْمُلَكُ أَىْ رَبِّ نَطْفَةٌ أَىْ رَبِّ مَصْفَعةٌ فَإِذَا أَرَادَ اللهُ أَنْ يَقْضِى خَلْقًا قَالَ قَالَ المُلَكُ أَىْ رَبِّ ذَكَرٌ أَوْ أُنْثَى شَقِى لَوْ سَعِيدٌ فَمَا الرِّزْقُ فَمَا الأَجَلُ فَيُكْتَبُ كَذَلِكَ فِي بَطْنِ أَمِّهِ لَمُ الرَّزْقُ فَمَا الأَجَلُ فَيُكْتَبُ كَذَلِكَ فِي بَطْنِ أُمِّهِ

বাংলা

(১২১) আনাস বিন মালিক (রাঃ) কর্তৃক মারফূ' সূত্রে বর্ণিত, (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, আল্লাহ আযযা অজাল্ল গর্ভাশয়ে একজন ফিরিশতা নিয়োগ করেন। অতঃপর তিনি বলেন, 'হে প্রতিপালক! বীর্য। হে প্রতিপালক! রক্তপিণ্ড। হে প্রতিপালক! মাংসখণ্ড।' অতঃপর আল্লাহ যখন তার সৃষ্টির ফায়সালা করেন, তখন তিনি (ফিরিশতা) বলেন, 'হে প্রতিপালক! পুরুষ, নাকি স্ত্রী? দুর্ভাগ্যবান, নাকি সৌভাগ্যবান? রুয়ী কী? বয়স কত?' সুতরাং তা তার মায়ের পেটে (থাকা অবস্থায়) লেখা হয়।

ফুটনোট

(বুখারী ৬৫৯৫, মুসলিম ৬৯০০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবন মালিক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন